# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

সালাম ও হাঁচির জবাব দেয়া

সালাম ও হাঁচির জবাব দেয়া ওয়াজিব কি না সে ব্যাপারে মতভেদ রয়েছে। তবে নাবী (ﷺ) থেকে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে যে, তোমাদের কেউ যখন হাঁচি দিয়ে আলহামদু লিল্লাহ বলবে তখন প্রত্যেক শ্রবণকারী মুসলিমের উপর আবশ্যক হল হাঁচির জবাব দেয়া। অর্থাৎ يرحمك الله ‘ইয়ারহামুকাল্লাহ’ বলা আবশ্যক। যদি ধরেও নেয়া হয় যে সালাম ও হাঁচির জবাব দেয়া আবশ্যক, তথাপিও হাঁচি ও সালামের জবাব দেয়া এবং খাদ্য গ্রহণ করার মাসআলার মধ্যে প্রকাশ্য পার্থক্য রয়েছে। খাদ্য গ্রহণকারী খাওয়ার শুরুতে বিসমিল্লাহ্ না বললে শয়তান তার সাথে শরীক হয়। সুতরাং এখানে একজনের বিসমিল্লাহ্ সকলের জন্য যথেষ্ঠ নয়। অপর পক্ষে সকলের পক্ষ হতে একজন সালামের ও হাঁচির জবাব দিলে যথেষ্ট হবে। সকলেই বিসমিল্লাহ না বলে শুধু একজনের বিসমিল্লাহ পাঠ শয়তানের অংশ গ্রহণ এবং খাওয়া ঠেকানোর জন্য যথেষ্ট নয়। সর্বোচ্চ এত টুকু বলা যেতে পারে যে, সম্মিলিত অবস্থায় খাদ্য গ্রহণ করার সময় কতিপয়ের বিসমিল্লাহ বলার কারণে শয়তানের অংশগ্রহণ সীমিত হয় এবং যে বিসমিল্লাহ পাঠ করল না, তার সাথে শয়তানের অংশ গ্রহণ থেকেই যায়। আল্লাহই ভাল জানেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3880

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন